রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, ডিসেম্বর ৪, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**

**প্রশাসন-৫ (প্রশাসন ও শৃঙ্খলা) শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৪ অগ্রহায়ণ ১৪২৬/১৯ নভেম্বর ২০১৯

নং **৪১.০০.০০০০.০০৫.০১.০০৯.১৫-১৩৩**—বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন-২০১৯ (২০১৯ সনের ৭ নং আইন) ০৯ মে ২০১৯ তারিখে বাংলাদেশ গেজেট প্রকাশিত হয়েছে। আইনের ২১ নং ধারা অনুযায়ী বিধিমালা ও ২২ নং ধারা অনুযায়ী প্রবিধানমালা প্রণয়নের কাজ চলমান আছে। বিধিমালা ও প্রবিধানমালা জারি না হওয়া পর্যন্ত বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন-২০১৯ এর ২৩(৩) (ক) নং ধারা অনুযায়ী বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ এর কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে নিম্নরূপ প্রজ্ঞাপন জারি করা হলো :

(১) বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন-২০১৯ এর ৭ নং ধারা অনুযায়ী বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিচালনা বোর্ড গঠিত হবে।

(২) বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইন-২০১৯ এর ৭ নং ধারা অনুযায়ী বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নির্বাহী কমিটি গঠিত হবে।

(৩) আইনের ১৫ নং ধারা অনুযায়ী প্রত্যেক জেলার পূর্বতন জেলা সমাজকল্যাণ পরিষদ এর পরিবর্তে জেলা সমাজকল্যাণ কমিটি গঠিত হবে। এই আইনের অধীনে বিধিমালা প্রণীত না হওয়া পর্যন্ত অথবা এই ধারার অনুসরণে পরবর্তী কমিটি গঠিত না হওয়া পর্যন্ত পূর্বতন জেলা সমাজকল্যাণ পরিষদ এর সদস্যগণ জেলা সমাজকল্যাণ কমিটির সদস্যরূপে দায়িত্ব পালন করবে।



**মূল্য :** টাকা ৪.০০

(৪) আইনের ১৫ নং ধারা অনুযায়ী প্রত্যেক উপজেলার পূর্বতন উপজেলা সমাজকল্যাণ পরিষদ এর পরিবর্তে উপজেলা সমাজকল্যাণ কমিটি গঠিত হবে। এই আইনের অধীনে বিধিমালা প্রণীত না হওয়া পর্যন্ত অথবা এই ধারার অনুসরণে পরবর্তী কমিটি গঠিত না হওয়া পর্যন্ত পূর্বতন উপজেলা সমাজকল্যাণ পরিষদ এর সদস্যগণ উপজেলা সমাজকল্যাণ কমিটির সদস্যরূপে দায়িত্ব পালন করবেন।

(৫) এই আইনের অধীনে বিধিমালা প্রণীত না হওয়া পর্যন্ত কিংবা জেলা সমাজকল্যাণ কমিটি ও উপজেলা সমাজকল্যাণ কমিটি গঠিত না হওয়া পর্যন্ত ইতোপূর্বে গঠিত জেলা সমাজকল্যাণ পরিষদ ও উপজেলা সমাজকল্যাণ পরিষদের কার্যক্রম জেলা সমাজকল্যাণ কমিটি ও উপজেলা সমাজকল্যাণ কমিটি এর কার্যক্রমরূপে গণ্য হবে এবং উক্ত কমিটি যথারীতি তহবিল পরিচালনা করবে।

(৬) পরবর্তী আদেশ না হওয়া পর্যন্ত এ আদেশ অব্যাহত থাকবে এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলোয়ার হোসেন**
উপসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd